

৩। গুরুতত্ত্ব না জানিয়ে, সুন্দরী রমনী পেয়ে,

হয়েছ পরম সুখী ।

ও দীন নিশি বলে মন পাগ্লা, ফুরাল তোর ভবের খেলা

আর বেশী দিন নাই বাকী ॥

---নিশিকান্ত



৭৭ নং

তাল--একতালা

কোন দিনে কোন কাজে বুঝি, করি নাই ভাল ।

তাতে কমল আঁখি দিয়ে ফাঁকি, জন্মের মত লুকাইল ॥

১। যদি কখন করতেম ভাল কাজ, আমার হ'ত ভাল সাঁজ,

দাসানুদাস করে রাখতে পদে, হরি রসরাজ ।

আমার হৃদয় মাঝে করত বিরাজ,

এখন যেমন কাজ তেমন সাজে সাজাইল ॥

২। ধন্য ধন্য রামকান্ত, ও যাঁর নাহিরে অন্ত,

বাসুদেব কোলে করে প্রাণ করিল শান্ত ।

সে যে শান্তি মায়ের প্রাণকান্ত,

এবার বাসুদেবের রূপে কান্তের প্রাণ জুড়াইল ॥

৩। ধন্য আনন্দ সরকার, যার মহিমা অপার,

শ্রীমুখেতে প্রভু যারে দিলেন পুত্র বর ।

হ'ল হরির বরে নাম হরিবর,

সে ত নামে প্রেমে জগৎ মাতাইল ॥